প্রশিক্ষণে উজ্জীবন
জনসেবায় প্রাণপণ

# বিসিএস প্রশাসন
# একাডেমি বার্তা

www.bcsadminacademy.gov.bd
জুলাই-সেপ্টেম্বর ২০২৩, আশ্বিন ১৪৩০

## এ সংখ্যায় যা আছে


- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন
- গবেষণা কমিটির ১৩তম সভা
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ পরিদর্শন
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের যোগব্যায়াম ওরিয়েন্টেশন
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর'স টি
- ৪৭তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান
- বাংলাদেশের আধুনিক ক্রীড়াঙ্গনের পথিকৃৎ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন
- ৪৮তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান
- জাতীয় শোক দিবস উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও দোয়া মাহফিল
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি পরিদর্শন এবং বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমিতে ইনডাকশন প্রোগ্রামে অংশগ্রহণ
- ১ম SDPM (Sustainable Developmnet and Project Management) কোর্সের উদ্বোধন
- বাৎসরিক ৬০ ঘণ্টা কর্মকালীন প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন
- ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের ১ম মেস রজনী


সম্পাদনা পর্ষদ:
উপদেষ্ট : ড. মো: ওমর ফারুক, রেক্টর (সচিব)
সম্পাদক : জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার
মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ)
সদস্য : জনাব শাহ আবদুল সাদী
পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
জনাব আবু আসলাম
উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা)
জনাব শুভাশিস ঘোষ
প্রকাশনা কর্মকর্তা
**প্রকাশকাল: ০১ অক্টোবর ২০২৩**

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন



উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.

১৬ জুলাই ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৫ (পাঁচ) মাস মেয়াদি ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, আজকের নবীন কর্মকর্তারাই আগামীদিনে সরকারের উন্নয়ন রূপরেখা বাস্তবায়ন করবেন। তাদের উপর অর্পিত দায়িত্ব যেন সঠিকভাবে পালন করতে পারেন, সে বিষয়ে তাদের দক্ষ করে গড়ে তুলতে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের গুরুত্বের সাথে প্রশিক্ষণের প্রতিটি কার্যক্রমে অংশ নেয়ার আহবান জানান। বিশেষ অতিথির বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী নবীন কর্মকর্তাদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, পরিচালক জনাব ইলিয়া সুমনা, একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ০৫ (পাঁচ) মাস মেয়াদি আইন ও প্রশাসন কোর্সে প্রশাসন ক্যাডারের ২১ (একুশ) জন নারী কর্মকর্তা ও ১৪ (চৌদ্দ) জন পুরুষ কর্মকর্তাসহ সর্বমোট ৩৫ (পঁয়ত্রিশ) জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করবেন। প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশাসন ক্যাডারের ৩০ থেকে ৩৬ ব্যাচের সদস্য। কোর্সটি ১৬ জুলাই ২০২৩ তারিখে শুরু হয়ে ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত হবে। প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের দক্ষ, যোগ্য, স্বপ্রণোদিত, সৃজনশীল ও উদ্যোগী কর্মকর্তা হিসেবে গড়ে তোলার জন্য ০৫ (পাঁচ) মাস মেয়াদি এ প্রশিক্ষণ কোর্সে প্রাসঙ্গিক আইন ও বিধি-বিধান, প্রশাসনিক রীতিনীতি, মানব সম্পদ ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স, সরকারি ক্রয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইংরেজি ও ফরাসি ভাষায় দক্ষতা বৃদ্ধি, নৈতিকতা ও মূল্যবোধ, শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ এবং উন্নয়ন কৌশল ও নীতি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। এই প্রশিক্ষণে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত কর্মকর্তাকে একাডেমির সর্বোচ্চ সম্মানসূচক পুরস্কার **রেক্টর মেডেল** প্রদান করা হয়।

# গবেষণা কমিটির ১৩তম সভা



রেক্টর মহোদয়ের সভাপতিত্বে গবেষণা কমিটির ১৩তম সভায় উপস্থিত সদস্যবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর সভাপতিত্বে গত ১০ জুলাই ২০২৩ তারিখে গবেষণা কমিটির ১৩তম সভা অনুষ্ঠিত হয়। এ সভায় দুটি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন এবং অন্য দুটি গবেষণার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপিত হয়। সভায় গবেষণা কমিটির সদস্য বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. ফেরদৌস আরফিনা ওসমান, পরিচালক (প্রশাসন) জনাব মো: আব্দুর রাজ্জাক, পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ড. মোল্লা মাহমুদ হাসান, বিআইডিএস এর রিসার্চ ফেলো জনাব আব্দুর রাজ্জাক সরকারসহ গবেষকগণ উপস্থিত ছিলেন। সভায় গবেষণাসমূহের চূড়ান্ত প্রতিবেদন ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে উপস্থিত সকলে গবেষণা প্রতিবেদন নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন এবং একাডেমিতে এ ধরনের গবেষণা কার্যক্রম চলমান রাখার বিষয়ে একমত পোষণ করেন।

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন





গত ১৮ জুলাই ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একডেমিতে চলমান ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ ধানমন্ডি ৩২ নম্বরে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কোর্স ম্যানেজমেন্ট টিমের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ পরিদর্শন



শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দের পুষ্পস্তবক অর্পণ

গত ১৮ জুলাই ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একডেমিতে চলমান ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ রায়ের বাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কোর্স ম্যানেজমেন্ট টিমের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ১৯৭১ এর ডিসেম্বরে মুক্তিযুদ্ধে যখন বাংলাদেশের বিজয় সুনিশ্চিত, তখন বাংলাদেশকে মেধাহীন করার হীন ষড়যন্ত্রে ১৪ ডিসেম্বর রাতে প্রথিতযশা অধ্যাপক, সাংবাদিক, ডাক্তার, শিল্পী, প্রকৌশলী, লেখকসহ এদেশের বুদ্ধিজীবীদের অনেককে নিরস্ত্র অবস্থায় বাসা থেকে তুলে নিয়ে যাওয়া হয় এবং রায়ের বাজারে হত্যা করা হয়। ১৬ ডিসেম্বর বিজয় অর্জিত হবার পর তাঁদের ক্ষতবিক্ষত মৃতদেহ এখানে পাওয়া যায়। জাতির সূর্যসন্তানদের আত্নত্যাগের প্রতি শ্রদ্ধা জানাতে এবং নবীন কর্মকর্তাদের মুক্তিযুদ্ধের ইতিহাসের সাথে প্রত্যক্ষ সংযোগ তৈরি করে দিতে বিসিএস প্রশাসন একাডেমির কোর্স ম্যানেজমেন্টের তত্ত্বাবধানে এই পরিদর্শন কর্মসূচি আয়োজিত হয়।

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের যোগব্যায়াম ওরিয়েন্টেশন





১৩০তম আইন ও প্রশাসন কোর্সের যোগব্যায়াম ওরিয়েন্টেশন

১৯ জুলাই হতে ২০ জুলাই ২০২৩ তারিখ  বিসিএস প্রশাসন একাডেমিতে দুই দিনব্যাপী যোগব্যায়াম ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একডেমি রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক। বিসিএস প্রশাসন ক্যাডারের নবীন কর্মকর্তাদের যোগব্যায়াম এবং সুস্বাস্থ্যের বিষয়ে উৎসাহ প্রদান করতে এ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আইন ও প্রশাসন কোর্সের কোর্স পরিচালক ও পরিচালক (প্রশিক্ষণ) জনাব ইলিয়া সুমনা। ২০ জুলাই ২০২৩ তারিখ যোগব্যায়াম ওরিয়েন্টেশন প্রশিক্ষণের সমাপনান্তে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের হাতে সনদপত্র তুলে দেন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক। এ সময় আরো উপস্থিত ছিলেন উপপরিচালক (প্রশাসন) ও কোর্স সমন্বয়ক জনাব আবু আসলাম, সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী কোর্স সমন্বয়ক জনাব মহুয়া আফরোজ।

# ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর’স টি




১৩০তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর’স টি অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন বিসিএস প্রশাসন একাডেমির  রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক



রেক্টর’স টি অনুষ্ঠানে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সাথে মতবিনিময় করছেন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক

২৪ জুলাই ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর’স টি  আয়োজন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন। বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, কোর্স পরিচালক জনাব ইলিয়া সুমনা, একাডেমির অন্যান্য অনুষদবর্গ ও প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। রেক্টর’স টি অনুষ্ঠানটি বিসিএস প্রশাসন একাডেমির আইন ও প্রশাসন কোর্সের অন্যতম অনুষঙ্গ। এ আয়োজনের মাধ্যমে পাঁচ মাস মেয়াদী আইন ও প্রশাসন কোর্সে আগত প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সাথে একাডেমির অনুষদবর্গের পরিচিতি ও সৌহার্দ্য গড়ে উঠে।

## ৪৭তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান






উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী এবং সমাপনী অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করছেন মন্ত্রিপরিষদ সচিব জনাব মো: মাহবুব হোসেন

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পদে পদায়নের জন্য বিবেচিত বিসিএস প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী কমিশনার পর্যায়ের ৩১ জন কর্মকর্তার অংশগ্রহণে ৩০ জুলাই থেকে ১০ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত একাডেমিতে ৪৭তম উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স আয়োজন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে কোর্স পরিচালক জনাব শারমিন জাহানসহ বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এ প্রশিক্ষণ কোর্সে মাঠ পর্যায়ের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদের গঠন ও কার্যক্রম, ইউএনওদের দায়িত্ব, কৃষি ও অকৃষি খাস জমি বন্দোবস্ত, হাট-বাজারের পেরিফেরি ও জলমহাল ব্যবস্থাপনা, দরিদ্র ও ভূমিহীনদের জন্য সরকারের পুনর্বাসন কর্মসূচি যেমন-আশ্রয়ণ, আবাসন, আদর্শ গ্রাম, গুচ্ছগ্রাম এবং জলবায়ু, দুর্গত মানুষের পুনর্বাসন প্রকল্পের বাস্তবায়ন ও তদারকি, মোবাইল কোর্ট পরিচালনাসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের

মধ্যে সনদ বিতরণ করেন মন্ত্রিপরিষদ সচিব জনাব মো: মাহবুব হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, কোর্স পরিচালক জনাব শারমিন জাহানসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

## বাংলাদেশের আধুনিক ক্রীড়াঙ্গনের পথিকৃৎ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এঁর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন



শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য রাখছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.



শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে তাঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ





শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষে ১৩০তম আইন ও প্রশাসন কোর্স এবং ৪৭তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কোর্সের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

৫ আগস্ট ১৯৪৯ সালে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন এক বহুমাত্রিক প্রতিভার অধিকারী অনন্য সংগঠক। দেশ ও সমাজভাবনায় শেখ কামাল মাত্র ২৬ বছরের জীবনে বাঙালির সংস্কৃতি ও ক্রীড়াক্ষেত্রের এক বিরল প্রতিভাবান সংগঠক ও উদ্যোক্তা হিসেবে অসামান্য উচ্চতায় নিজেকে প্রতিষ্ঠিত করে গেছেন। একইসাথে রাজনীতিতেও ছিলেন সমান তৎপর। শেখ কামালের ৭৪তম জন্মদিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এম.পি., বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। আলোচনায় সভায় সভাপতিত্ব করেন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক। আলোচনা সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের প্রধানসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ, ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ এবং ৪৭তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভাশেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ১৩০তম আইন ও প্রশাসন কোর্স এবং ৪৭তম উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের মধ্যে অনুষ্ঠিত প্রীতি ভলিবল প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

## ৪৮তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান




৪৮তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কোর্সের স্যুভিনিরের মোড়ক উন্মোচন



সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পদে পদায়নের জন্য বিবেচিত বিসিএস প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী কমিশনার পর্যায়ের ৩১ জন কর্মকর্তার অংশগ্রহণে ১৩ আগস্ট থেকে ২৪ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত একাডেমিতে ৪৮তম উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকারসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।
গত ২৪ আগস্ট ২০২৩ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন জনপ্রশাসন মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, কোর্স পরিচালক জনাব মো: আব্দুর রাজ্জাকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাতীয় শোক দিবস উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও দোয়া মাহফিল



বিসিএস প্রশাসন একাডেমির পক্ষ হতে বিয়াম ফাউন্ডেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



বিসিএস প্রশাসন একাডেমিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভায় উপস্থিত অতিথিবৃন্দ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও দোয়া মাহফিল

১৫ আগস্ট। ১৯৭৫ সালের এ দিনে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতাবিরোধী ষড়যন্ত্রকারীদের প্রত্যক্ষ ও পরোক্ষ মদদে সেনাবাহিনীর কিছু বিপথগামী সদস্যের বুলেটের আঘাতে ধানমন্ডির নিজ বাসভবনে শাহাদত বরণ করেন বাঙালি জাতির অবিসংবাদিত নেতা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। একই সাথে শহিদ হন বঙ্গবন্ধুর সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব, তিন পুত্র- বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন শেখ কামাল, বীর মুক্তিযোদ্ধা লেফটেন্যান্ট শেখ জামাল, দশ বছরের শিশুপুত্র শেখ রাসেল, পুত্রবধূ সুলতানা কামাল ও রোজী জামাল, একমাত্র সহোদর বীর মুক্তিযোদ্ধা শেখ আবু নাসের, কৃষকনেতা বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব সেরনিয়াবাত, যুবনেতা বীর মুক্তিযোদ্ধা শেখ ফজলুল হক মণি ও তাঁর অন্তঃসত্ত্বা স্ত্রী আরজু মণি, বেবী সেরনিয়াবাত, আরিফ সেরনিয়াবাত, সাংবাদিক শহিদ সেরনিয়াবাত, সুকান্ত বাবু ও আব্দুল নঈম খান রিন্টুসহ পরিবারের ১৮ জন সদস্য। রাষ্ট্রপতির সামরিক সচিব ব্রিগেডিয়ার জেনারেল জামিল এবং কর্তব্যরত পুলিশের বিশেষ শাখার এএসআই সিদ্দিকুর রহমান নিহত হন। এছাড়াও ঘাতকের কামানের গোলার আঘাতে মোহাম্মদপুরে একটি পরিবারের বেশ কয়েকজন হতাহত হন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামনের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভার শুরুতে জাতীয় শোক দিবস উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: সাহাবুদ্দিন-এঁর বাণী পাঠ করেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার। মহামান্য রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন "বঙ্গবন্ধু আমাদের মাঝে নেই, কিন্তু তাঁর নীতি ও আদর্শ বিশ্বব্যাপী স্বাধীনতাকামী মানুষের অধিকার আদায়ে এবং শোষণ-নির্যাতনের বিরুদ্ধে গণজাগরণে সবসময় অনুপ্রেরণা যোগাবে। বঙ্গবন্ধু এ দেশের লাখো-কোটি বাঙালিরই শুধু নয়, বিশ্বব্যাপী স্বাধীনতাকামী মানুষের জন্যও প্রেরণার চিরন্তর উৎস হয়ে থাকবেন"।

পরবর্তীতে জাতীয় শোক দিবস উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত বাণী পাঠ করেন বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব ইলিয়া সুমনা। মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বাণীতে বলেন "আসুন, আমরা জাতির পিতা হারানোর শোককে শক্তিতে পরিণত করি এবং সকল চক্রান্ত-ষড়যন্ত্র প্রতিহত করে সকলে মিলে বঙ্গবন্ধু শেখ মুজিবের স্বপ্নের ক্ষুধা ও দরিদ্র্যমুক্ত, উন্নত-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ে তুলি-জাতীয় শোক দিবসে এই হোক আমাদের সুদৃঢ় অঙ্গীকার"।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে সভায় মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর প্রাক্তন মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী। অন্যান্য আলোচকবৃন্দের মধ্যে উপস্হিত ছিলেন স্বাধীনতা পদক ও পদ্মশ্রী পদক প্রাপ্ত বীরপ্রতীক লে: কর্নেল কাজী সাজ্জাদ আলী জহির, বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের সম্মানীত অধ্যাপক ড. আখতার হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক। আলোচনা সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শাহাদাতবরণকারী সকল সদস্যের বিদেহী আত্নার মাগফেরাত কামনায় দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উল্লেখ্য, দিবসের প্রত্যুষে বিসিএস প্রশাসন একাডেমির পক্ষ থেকে বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। পরবর্তীতে বিসিএস প্রশাসন একাডেমিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

## ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি পরিদর্শন এবং 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি'তে ইনডাকশন প্রোগ্রামে অংশগ্রহণ



বিসিএস প্রশাসন একাডেমির ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স ম্যানেজমেন্ট এবং প্রশিক্ষণার্থীবৃন্দের টুঙ্গি পাড়ায় জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ




১৩০তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স ম্যানেজমেন্ট এবং প্রশিক্ষণার্থীবৃন্দের গোপালগঞ্জের কোটালী পাড়ায় বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একডেমি (বাপার্ড)-এ ইনডাকশন প্রোগ্রাম

গত ২০ আগস্ট ২০২৩ তারিখ বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন। এ সময় কোর্স ব্যবস্থাপনা টিমের সদস্যসহ অন্যান্য অনুষদবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে ২০ ও ২১ আগস্ট ২০২৩ তারিখ গোপালগঞ্জের কোটালিপাড়ায় অবস্থিত 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি'তে দুই দিনব্যাপী ইনডাকশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এর মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি'র যাবতীয় কার্যক্রম সম্পর্কে ধারণা লাভ করেন, যা তাদের পেশাগত দায়িত্ব পালনে সহায়ক হবে।

## ১ম SDPM (Sustainable Developmnet and Project Management) কোর্সের উদ্বোধন





১ম SDPM (Sustainable Development and Project Management) উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান

টেকসই উন্নয়ন ও প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা লাভের জন্য যুগ্মসচিব, উপসচিব, সিনিয়র সহকারী সচিব, ডাক্তার, শিক্ষক ও প্রকৌশলী পেশাধারী ২৫ জন কর্মকর্তার অংশগ্রহণে ২৭ আগস্ট ২০২৩ একাডেমিতে ১ম SDPM (Sustainable Developmnet and Project Management) Course এর উদ্বোধন হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান এম.পি. এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, কোর্স পরিচালক ড. মোল্লা মাহমুদ হাসান এবং একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

## বাৎসরিক ৬০ ঘণ্টা কর্মকালীন প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন






বিসিএস প্রশাসন একাডেমির কর্মকর্তা ও কর্মচারীদের ২০২৩-২০২৪ অর্থবছরে বাৎসরিক ৬০ ঘণ্টা প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান

১০ সেপ্টেম্বর ২০২৩ বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবর্গ এবং কর্মচারীদের বাৎসরিক ৬০ ঘণ্টা প্রশিক্ষণের শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমির পরিচালক (প্রশাসন) জনাব মো: আব্দুর রাজ্জাক। প্রধান অতিথি তার বক্তব্যে অনুষদবর্গ এবং কর্মচারীদের কর্মকালীন প্রশিক্ষণের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর অনুষদ সদস্যদের জন্য শুদ্ধাচার কৌশল ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সেশন পরিচালনা করেন যথাক্রমে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এবং বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (প্রশাসন) জনাব মো: আব্দুর রাজ্জাক।

# ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের ১ম মেস রজনী





১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দের অংশগ্রহণে “ষড়ঋতুর বাংলাদেশ” শীর্ষক ১ম মেস রজনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মো: তোফাজ্জল হোসেন মিয়া। মেস রজনীর সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নৃত্য, কবিতা আবৃত্তি ও কোরিওগ্রাফির মাধ্যমে দেশীয় সংস্কৃতি তুলে ধরা হয়। একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে একাডেমির এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ এবং ১৩০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ, ১ম Sustainable Development and Project Managemt কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ, ৩৮তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মো: তোফাজ্জল হোসেন মিয়া এবং বিসিএস প্রশাসন একাডেমি রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর উপস্থিতিতে প্রথম মেস কমিটি দ্বিতীয় মেস কমিটির কাছে যথারীতি ঘণ্টা বাজিয়ে দায়িত্ব হস্তান্তর করেন।


**বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি,শাহবাগ, ঢাকা-১০০০**

www.bcsadminacademy.gov.bd

ফোন: +৮৮ (০২) ৫৫১৬৫৯০১; ফ্যাক্স: +৮৮ (০২) ৫৫১৬৫৯২২

Email: ddrp@bcsadminacademy.gov.bd